বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

**ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ** তাগিদ পত্র নং-৪

নং-প্রকা/আরএমডি-৩০/২০২০-২০২১/৪৫১৭ তারিখঃ ২৪-০৬-২০২১

১। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
২। সকল মুখ্য অঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
৪। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে ব্যাংকের গৃহীত পদক্ষেপ, এ বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি ও সুপারিশ সম্বলিত ষান্মাসিক প্রতিবেদন সম্পর্কে পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ২৫-০৩-২০১৯, ০৭-০৫-২০১৯, ১২-০৫-২০১৯ ও ২০-১১-২০১৯ তারিখের যথাক্রমে পত্র নং ১৯৯১, ২৩৮৯, ২৪২২ ও ১২৩৫(১২৫০) এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লেখিত পত্রসমূহের মাধ্যমে পরিচালনা পর্ষদের ৭৪০তম সভায় পরিচালনা পর্ষদ কর্তৃক প্রদত্ত নিম্নবর্ণিত সদয় নির্দেশনা সকলকে অবহিত করা হয়-

"ক) যে সকল শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার টেবিলে BAMLCO এর ফলক থাকার বিষয়ে আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয় হতে প্রত্যয়ন পত্র প্রেরন করা হয়নি তাদেরকে পুনরায় তাগিদপত্র প্রেরন ও নিবিড় তদারকির মাধ্যমে প্রত্যয়নপত্র প্রাপ্তি নিশ্চিত করতে হবে;

খ) মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত ১৩(তের)টি ফাইল সংরক্ষণ এর বিষয়ে যে সকল শাখা হতে প্রত্যয়ন পত্র পাওয়া যায়নি তাদেরকে পুনরায় তাগিদপত্র প্রেরন ও নিবিড় তদারকির মাধ্যমে প্রত্যয়নপত্র প্রাপ্তি নিশ্চিত করতে হবে।"

০৩। কিন্তু বিগত ১৬-০৬-০২০২১ তারিখে মাননীয় উপ ব্যবস্থাপনা পরিচালক মহোদয় মধুমেলা উপলক্ষে বরিশাল বিভাগের বরগুনা অঞ্চলের কয়েকটি শাখা পরিদর্শনকালে কোন শাখাতেই মানিলন্ডারিং প্রতিরোধ সংক্রান্ত কোন ফাইল না পেয়ে অত্যন্ত হতাশ ও ক্ষোভ প্রকাশ করেছেন এবং এতদ বিষয়ে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন।

০৪। এমতাবস্থায়, (ক) মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে ব্যাংকের পরিচালনা পর্ষদের নির্দেশনা অনুয়ায়ী প্রত্যেক শাখা/ কার্যালয়ে শাখার BAMLCOদের টেবিলে BAMLCO এর নামফলক নিশ্চিতভাবে প্রদর্শনীয় স্থানে রাখাসহ শাখাসমূহে AML/CFT বিষয় সংক্রান্ত ১৩+(পরবর্তীতে উদ্ভূদ আরও ৪টি সহ=মোট ১৭(সতের) টি নথি (নাম সংযুক্ত) এবং AML/CFT বিষয়ক গাইডলাইনসটি সংরক্ষিত আছে কিনা সে বিষয়ে **অঞ্চলাধীন শাখাসমূহ হতে প্রত্যয়ন পত্র সংগ্রহ করত: সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় কর্তৃক একটি প্রত্যয়ন পত্র আগামী ১৫-০৭-২০২১ তারিখ এর মধ্যে মানিলন্ডারিং প্রতিরোধ সেলে প্রেরন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো**

০৫। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগন শাখা পরিদর্শনকালে BAMLCO এর নামফলক, মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক ব্যানার ও ১৭টি ফাইল আছে কিনা সে বিষয়ে নিশ্চিত হবেন। **কারন উল্লেখিত বিষয়সমূহ সঠিক ভাবে পরিপালনের উপর ব্যাংকের কোর রিস্ক রেটিং নির্ভরশীল।**

**০৬। উল্লেখ্য শাখা পরিদর্শনকালে কোন উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক শাখায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার টেবিলে BAMLCO এর ফলক না থাকলে এবং মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত ১৭(সতের)টি ফাইল না পাওয়া গেলে কর্তৃপক্ষ কর্তৃক প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে।**

০৭। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে,

(মোঃ আকতার হোসেন) ২৪/৬/২০২১
উপ মহাব্যবস্থাপক
উপ -প্রধান মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)

নং-প্রকা/আরএমডি-৩০/২০২০-২০২১/৪৫১৭ তারিখঃ ২৪-০৬-২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। স্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপরেশন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি, অফিসিয়াল ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭। নথি/মহানথি।

## মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক ১৭টি ফাইলের তালিকাঃ

১) এএমএল সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের সার্কুলার;

২) বাংলাদেশ কৃষি ব্যাংকের CCC এর নির্দেশনা/ গাইডলাইনস ইত্যাদি বিষয়ক ফাইল;

৩) মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত প্রশিক্ষণ সংক্রান্ত ফাইল;

৪) শাখার BAMLCO এর নিয়োগপত্র/ অফিস অর্ডার সংক্রান্ত ফাইল;

৫) রিপোর্টিং অফিসারের নিয়োগপত্র/ অফিস অর্ডার সংক্রান্ত ফাইল;

৬) মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত ত্রৈমাসিক সভার ফাইল;

৭) নগদ লেনদেন রিপোর্ট (CTR) সংক্রান্ত ফাইল;

৮) অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন রিপোর্ট (STR) সংক্রান্ত ফাইল;

৯) KYC Procedure সম্পন্নকরণ (৩০-০৪-২০০২ তারিখের পূর্বে খোলা হিসাবসমূহের- সুপ্ত হিসাবের) সম্পর্কিত ফাইল;

১০) TP ও KYC হালনাগাদকরণ (আপগ্রেড)/ মনিটরিং সংক্রান্ত ফাইল;

১১) Self Assessment সংক্রান্ত ফাইল;

১২) বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন (System check) সম্পর্কিত ফাইল;

১৩) বাংলাদেশ ব্যাংক, দুদক, এনবিআর, কাস্টমস ইত্যাদি প্রতিষ্ঠান থেকে চাহিত ব্যাংক হিসাবের তথ্য সংক্রান্ত ফাইল।

(১৪) PEPs &IP সংক্রান্ত ফাইল;

(১৫) Sanction ফাইল;

(১৬) False Positive সংক্রান্ত ফাইল;

(১৭) High Risk Customer সংক্রান্ত ফাইল;